১৯। **আপীল ট্রাইব্যুনাল স্থাপন ও উহার গঠন**।—(১) এই আইনের অধীনে আপীলসমূহ এককভাবে নিষ্পত্তির উদ্দেশ্যে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এক বা একাধিক আপীল ট্রাইব্যুনাল গঠন করিবে এবং একাধিক আপীল ট্রাইব্যুনাল গঠনের ক্ষেত্রে, উহার স্থানীয় অধিক্ষেত্র নির্ধারণ করিয়া দিবে; এই আপীল ট্রাইব্যুনাল অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আপীল ট্রাইব্যুনাল নামে অভিহিত হইবে।

(২) আপীল ট্রাইব্যুনাল দেশের রাজধানীতে এবং একাধিক আপীল ট্রাইব্যুনাল গঠন করা হইলে এই সকল আপীল ট্রাইব্যুনাল সরকার নির্দেশিত স্থানে উহার কাজকর্ম পরিচালনা করিবে।

(৩) সরকার, বাংলাদেশের প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে, সুপ্রীমকোর্টের বিচারক হওয়ার যোগ্য কোন ব্যক্তিকে বা সুপ্রীমকোর্টের কোন অবসরপ্রাপ্ত বিচারককে আপীল ট্রাইব্যুনালের বিচারক নিয়োগ করিবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত অবসরপ্রাপ্ত বিচারকের বয়স ৬৭ বৎসর পূর্ণ হইলে আপীল ট্রাইব্যুনালে তাহার নিয়োগের অবসান হইবে।

২০। **আপীল ট্রাইব্যুনালের এখতিয়ার**।—(১) এই আইনের অধীনে দায়েরকৃত আপীলে উত্থাপিত তথ্যগত প্রশ্নে (question of fact) এবং আইনগত প্রশ্নে (question of law) আপীল ট্রাইব্যুনাল উহার সিদ্ধান্ত প্রদানসহ আপীলকৃত সিদ্ধান্ত সম্পূর্ণ বা আংশিকভাবে রহিত করিতে বা ক্ষেত্রমত অনুমোদন (confirm) করিতে বা উহা সংশোধন করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, ধারা ১০(৮) এ উল্লিখিত বিষয় এবং ট্রাইব্যুনালের রায় বা সিদ্ধান্তের বৈধতা ও যথার্থতা ব্যতীত অন্য কোন বিষয়ে আপীল ট্রাইব্যুনাল সিদ্ধান্ত প্রদান করিবে না।

(২) আপীল নিষ্পত্তির সুবিধার্থে আপীল কর্তৃপক্ষ এমন অতিরিক্ত সাক্ষ্য গ্রহণ করিতে পারিবে যাহা আপীলের বিষয়বস্তুর সহিত সরাসরি সম্পর্কযুক্ত এবং যাহা ট্রাইব্যুনাল কর্তৃক সিদ্ধান্ত প্রদানের পরে উদ্ভুত হইয়াছে।

(৩) আপীল ট্রাইব্যুনাল কোন আপীলে উত্থাপিত প্রশ্ন পুনঃশুনানী বা পুনঃসিদ্ধান্তের জন্য ট্রাইব্যুনালে ফেরত (remand) দিবে না, বরং নথিভুক্ত কাগজপত্র এবং সাক্ষ্যের ভিত্তিতে উহার সিদ্ধান্ত প্রদান করিবে ঃ

তবে শর্ত থাকে যে, ট্রাইব্যুনাল কোন আবেদন শুনানীর জন্য গ্রহণ না করিয়া সরাসরি নাকচ করিয়া থাকিলে এবং আপীল ট্রাইব্যুনাল উক্ত সিদ্ধান্ত রহিত করিলে আবেদনটির উপর শুনানীর জন্য আপীল ট্রাইব্যুনাল নির্দেশ দিতে পারিবে।

(৪) একই সম্পত্তির ব্যাপারে একাধিক আপীল দায়ের হইলে আপীল ট্রাইব্যুনাল একযোগে ঐ সকল আপীল শুনানী ও নিষ্পত্তি করিবে এবং প্রয়োজনবোধে একটি রায় দ্বারা উহাদিগকে নিষ্পত্তি করিতে পারিরে।

২১। **আপীল ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে সুপ্রীমকোর্টের আপীল বিভাগে আপীল**।—(১) আপীল ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে শুধুমাত্র সুনির্দিষ্ট আইনগত প্রশ্নে, সুপ্রীমকোর্টের আপীল বিভাগের অনুমতি নিয়া উক্ত বিভাগে আপীল করা যাইবে।

(২) উপ-ধারা (১) এর অধীনে দায়েরকৃত আপীল নিষ্পত্তির ক্ষেত্রে আপীল বিভাগ, উহার নিকট দায়েরকৃত অন্যান্য আপীলের ব্যাপারে যে পদ্ধতি অনুসরণ করে এই ধারার অধীন দায়েরকৃত আপীলের ক্ষেত্রেও যতদূর সম্ভব সেই পদ্ধতি অনুসরণ করিবে।

২২। **ট্রাইব্যুনাল ও আপীল ট্রাইব্যুনালের কার্য পদ্ধতি**।—(১) ট্রাইব্যুনাল ও আপীল ট্রাইব্যুনালের সকল শুনানী প্রকাশ্যে (open) অনুষ্ঠিত হইবে এবং উহার রায় প্রকাশ্যে ঘোষিত হইবে।

(২) এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ট্রাইব্যুনাল ও আপীল ট্রাইব্যুনাল বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিবে, এবং এইরূপ বিধির অনুপস্থিতিতে উহার বিবেচনামতে যথাযথ পদ্ধতি অনুসরণ করিবে।

